

৩৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২০২২) বাস্তবায়নের নিমিত্ত গঠিত এপিএ টিমের সভার কার্যবিবরণী:

সভাপতি	:	মোঃ আজিজুল ইসলাম, পরিচালক (প্রশাসন)।
তারিখ	:	২৫ আগস্ট, ২০২১, বিকাল ৩.০০ ঘটিকা।
সভার স্থান	:	অধিদপ্তরের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব ও সহকারী পরিচালক (প্রশাসন) জানান মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথারীতি স্বাক্ষরিত হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সভায় উপস্থাপন করেন। উক্ত চুক্তি পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং চুক্তির কর্মসম্পাদন সূচকসমূহ যথাসময়ে ও যথাযথভাবে বাস্তবায়ন নিয়ে সভায় আলোচনা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

- ২.১ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যেতে পারে।
- ২.২ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর উন্নয়ন প্রকল্প সংশ্লিষ্ট সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্তৃপক্ষকে তৎপর থাকতে অনুরোধ জানানো যেতে পারে। লক্ষ্যমাত্রা অর্জনে ব্যত্যয় ঘটলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
- ২.৩ My gov (এক সেবা) বিষয়ে একটি লার্নিং সেশন আয়োজন করা যেতে পারে।
- ২.৪ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেকশন-৩ এর কর্মসম্পাদন সূচক ১.৩.১ অনুযায়ী অধিদপ্তরের সোস্যাল মিডিয়ায়(ফেসবুক/ইউটিউব) ইত্যাদি মাদকবিরোধী প্রচারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সিস্টেম এনালিস্ট, সহকারী পরিচালক(প্রশাসন) ও সহকারী পরিচালক(নিরোধ শিক্ষা) কে দায়িত্ব দেয়া যেতে পারে।
- ২.৫ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেকশন-৩ এর কর্মসম্পাদন সূচক ৫.১.১ অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনে বিষয় ভিত্তিক ওয়েবিনার প্রচারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সিস্টেম এনালিস্ট জনাব মোঃ মোস্তাক মামুন খান ও সহকারী পরিচালক(প্রশাসন) জনাব মোতাঃ জিল্লুর রহমান কে দায়িত্ব দেয়া যেতে পারে।
- ২.৬ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেকশন-৩ এর কর্মসম্পাদন সূচক ৫.২.১ অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনে মাদকদ্রব্য সম্পর্কিত জার্নাল/প্রকাশনা/পুস্তক/গল্প সংগ্রহের নিমিত্ত উপ পরিচালক(অপারেশন), উপ পরিচালক(ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন) ও সহকারী পরিচালক (গবেষণা ও প্রকাশনা) কে দায়িত্ব দেয়া যেতে পারে।
- ২.৭ বাস্তবায়ন অগ্রগতি প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে প্রশাসন অধিশাখায় প্রেরণে অনুরোধ করা যেতে পারে।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/৮/২০২১  
(মোঃ আজিজুল ইসলাম)  
পরিচালক(প্রশাসন)

ও  
টিম লিডার

১৬ ভাদ্র, ১৪২৮

তারিখঃ -----

৩১ আগস্ট, ২০২১

নং-৫৮.০২.০০০০.০০৬.১২.০০৫(পার্ট-১).২১. ৩৬/৩৬

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পেররণ করা হলো:

১. যুগ্মসচিব(অগ্নি অনুবিভাগ) ও এপিএ টিম লিডার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক(প্রশাসন/অপারেশন/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪. প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৫. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গোয়েন্দা শাখা/বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৬. সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী/চট্টগ্রাম/খুলনা।
৮. উপ পরিচালক(-----), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/জেলা কার্যালয়/মেট্রো কার্যালয়,-----।
৯. সহকারী পরিচালক(-----), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/জেলা কার্যালয়/মেট্রো কার্যালয়,-----।
১০. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. অফিস কপি।

(মোহা: জিল্লুর রহমান)  
সহকারী পরিচালক (প্রশাসন)

৩১/৮/২১  
গ্রহণ করা হয়।